মুক্তি পেলেন মীর নাছির

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার উপদেষ্টা ও সাবেক মন্ত্রী মীর মোহাম্মদ নাছির উদ্দিন জামিনে মুক্তি পেয়েছেন। বুধবার দুপুর ১টা ৫০ মিনিটে চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার থেকে তিনি মুক্তি পান।

নগরের চকবাজার থানার একটি বিস্ফোরকদ্রব্য নিয়ন্ত্রণ মামলায় উচ্চ আদালত থেকে কয়েক দিন আগে জামিন পেয়েছেন মীর নাছির। মঙ্গলবার মুখ্য মহানগর হাকিম আদালতে ওই জামিননামা উপস্থাপন করা হলে মীর নাছিরকে জামিনের আদেশ দেন বিচারক।

মীর নাছিরের আইনজীবী আবদুস সাত্তার বলেন, মীর নাছিরের বিরুদ্ধে দায়ের হওয়া তিনটি মামলার মধ্যে দুটি মামলায় তিনি নিম্ন আদালত থেকে জামিনে ছিলেন। চকবাজার থানার একটি বিস্ফোরক মামলায় উচ্চ আদালত থেকে কয়েক দিন আগে তিনি জামিন পান। পরে ওই জামিননামা মুখ্য মহানগর হাকিম আদালতে উপস্থাপন করা হলে তাঁকে মুক্তির আদেশ দেন আদালত।

গত ২৮ নভেম্বর মীর নাছিরকে চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর থেকে গ্রেফতার করে পুলিশ। পরে নগরের কোতোয়ালি, খুলশী ও চকবাজার থানার তিনটি মামলায় তাকে আদালতে পাঠানো হয়।

৭১ এ যাদের জন্ম হয়নি তাদের আজ পাখির মতো হত্যা করা হচ্ছে : শাহ মোয়াজ্জেম

শিবির বলে যাদের গুলি করে হত্যা করা হচ্ছে তারা পাকিস্তানি নয় বাংলাদেশি বলে মন্তব্য করেছেন বিএনপির ভাইস চেয়ারম্যান ও সাবেক উপ- প্রধানমন্ত্রী শাহ মোয়াজ্জেম হোসেন। তিনি বলেন, আমি শিবিরের পক্ষে কথা বলছি না। তবে মানবতার পক্ষে কথা বলছি। '৭১-র সময় তাদের অধিকাংশেরই জন্ম হয়নি। অথচ পাখির মতো গুলি করে তাদের হত্যা করা হচ্ছে, কোনো সভ্য সমাজে এটা চলতে পারে না।

মঙ্গলবার দুপুর ১টায় জাতীয় প্রেসকাব মিলনায়তনে 'বাংলাদেশ জাতীয়তাবাদী ভূমিদল' আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এই কথা বলেন।

সারাদেশে যেভাবে ছাত্রদল-ছাত্রশিবির ও বিরোধী দলের নেতা-কর্মীকে ক্রসফায়ারের নামে প্রকাশ্যে হত্যা করা হচ্ছে, এর দায় প্রধানমন্ত্রীকে নিতে হবে বলেও তিনি মন্তব্য করেন। এজন্য তাকে একদিন কাঠগড়ায় দাঁড়াতে হবে।

এই সময় উপস্থিত ছিলেন জাতীয়তাবাদী ভূমি দলের সিনিয়র সহ-সভাপতি আবু তালেব, বিএনপির সহশিক্ষা বিষয়ক সম্পাদক ও সাবেক সংসদ সদস্য হাবিবুল ইসলাম হাবিবসহ সংগঠনের অন্যান্য নেতা-কর্মী।

সোনালী ব্যাংক ডাকাতির মূল হোতা সোহেল আটক

কিশোরগঞ্জে সোনালী ব্যাংকে দুর্ধর্ষ ডাকাতির ঘটনার মূল হোতা সোহেলকে টাকাসহ রাজধানীর শ্যামপুর থেকে আটক করেছে র‍্যাব। এসময় ৫ বস্তা টাকাসহ তার দুই সহযোগীও আটক হয়। মঙ্গলবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে তাদের আটক করা হয়।

সোহলকে গ্রেফতারের বিষয়ে র্যা ব কর্মকর্তা এটি এম হাবিবুর রহমান গণমাধ্যমকে জানান, সোহেল রাজধানীর শ্যামপুরে অবস্থান করছে এমন গোয়েন্দা তথ্যের ভিত্তিতে শ্যামপুরের একটি ৬ তলা ভবনে অভিযান চালানো হয়। অভিযানে ৫ বস্তা টাকাসহ তাকে আটক করা হয়।

হাবিবুর রহমান বলেন, আটক সোহেল পেশায় একজন নির্মাণ শ্রমিক ছিলো। ডাকাতির ক্ষেত্রে সে তার এ অভিজ্ঞতাকে কাজে লাগায় বলে প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা গেছে। ডাকাতির পর সুড়ঙ্গ দিয়েই সে ৫ বস্তা টাকা বের করে নিয়ে আসে। এরপর সে রাজধানীতে চলে আসে।

এছাড়া জানা গেছে, লুট করার টাকার কিছু অংশ সে নিজে খরচ করেছে।

আটকের পর সোহেল ও তার সহযোগীদের র্যা ব সদর দফতরে নিয়ে আসা হয়েছে।

গত শনিবার কিশোরগঞ্জে সোনালী ব্যাংকের প্রধান শাখা থেকে সাড়ে ১২ কোটি টাকা দুধ্র্র্ষ ডাকাতি হয়। পাশের ভবন থেকে সুরঙ্গ করে ব্যাংকের ভল্টে রাখা এ টাকা লুট করা হয়। সুরঙ্গ পথটি তৈরি করতে কমপক্ষে এক সপ্তাহ সময় লেগেছে বলে ধারণা করা হচ্ছে। শনিবার রাতের কোনো এক সময় ডাকাতেরা ওই সুরঙ্গ পথে ভল্টে ঢোকে। তারা টাকা নিয়ে সুরঙ্গ দিয়ে নির্বিঘ্নে পালিয়ে যায়।

জানা যায়, যে বাড়ির রুম থেকে সুরঙ্গ তৈরি করে এ ঘটনা ঘটানো হয়- সে রুমে সোহেল নামে একলোক ভাড়া থাকত। ঘটনার পরপর তাকেও পাওয়া যাচ্ছে না। সোমবার পুলিশের ডিআইজিসহ ব্যাংকের ঊর্ধ্বতন কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শনে যান।

সোনালী ব্যাংকের প্রধান কার্যালয়ের তদন্ত টিম জানায়, অভিনব কায়দায় এটি ঘটানো হয়েছে। এ নিয়ে আমরা ব্যাংকের ১৬ জনকে জিজ্ঞাসাবাদ করছি। ব্যাংকের পক্ষ থেকেও তদন্ত শুরু করা হয়েছে।

সুরঙ্গ তৈরির বাড়িটির অপর কক্ষে বসবাসকারী জানান, আমরা এ বিষয়ে কিছুই টের পাইনি। চারিদিকে এত শব্দের ভিড়ে বুঝতেই পারিনি এখানে মাটি খোঁড়া হচ্ছে।

এর আগে সোমবার সকালে কিশোরগঞ্জ সোনালী ব্যাংকের প্রধান শাখার ডিজিএম শেখ আমানুলাহ ডাকাতির ঘটনায় একটি মামলা করেন।

প্লানেট হোমিওপ্যাথি ও হার্বাল সেন্টার

ইংল্যান্ড, আমেরিকা, ইন্ডিয়া ও বাংলাদেশ হতে ডিগ্রীপ্রাপ্ত হোমিওপ্যাথি ও হারবালের উপর ২১ বছরের অভিজ্ঞতা সম্পন্ন কন্সালটেন্ট দ্বারা কোলষ্টেরল পরীক্ষা ও বিনা খরচে ডায়াবেটিস, ব্লাডপ্রেসার, বি এম আই, প্রস্রাব, ওজন ও লম্বা পরীক্ষা এবং যারা ব্যাথায় ভুগছেন তাদের জন্য ম্যাসেজ ফ্রি দিয়ে সব ধরনের রোগের চিকিৎসা অতি অল্প খরচে করা হয়।

যৌন অক্ষমতা নিয়ে যাহারা হতশায় জীবন যাপন করছেন, তাদের একমাত্র সমাধান হোমিওপ্যাথি ও হার্বাল চিকিৎসায় বিদ্যমান, তাই এই চিকিৎসা গ্রহণ করে দাম্পত্যজীবন মধুময় করে তুলুন। এখানে যে সমস্ত রোগের চিকিৎসা করা হয় তার মধ্যে অন্যতমঃ

পুরুষত্বহীনতা, গ্যাস্ট্রিক-আলসার, বুকজ্বালা, আর্থ্রাইটিস, স্ত্রীরোগ, ব্লাড-প্রেসার, ডায়াবেটিকস, কোলেস্টেরল, টনসিল, হে-ফিভার, এজমা, পাইলস, দাঁতের সমস্যা, মাইগ্রেন, একজিমা, কোস্ট-কাঠিন্য, সরাইসিস, হাঁপানি, সাইনোসাইটিস, এলার্জি, মাথাব্যাথা, চুলপড়া ইত্যাদি-এবং মেয়েদের সব ধরনের জটিল সমস্যা গোপনীয়তা রক্ষা করে ও বাচ্চাদের চিকিৎসা অতি যত্ন সহকারে করা হয়।

এখানে ইংরেজী, বাংলা ও সিলেটি ভাষায় রোগ সম্পর্কিত সকল গোপন কথা খুলে বলতে পারবেন। ইউরোপসহ দুরের রোগীদের টেলিফোন ও ই-মেইলের মাধ্যমে পরামর্শ দিয়ে ডাকযোগে ঔষধ পাঠানো হয়।

Dr. Mizanur Rahman
MSc, DHMS, D.Hom, MD(AM), PhD
Secretary
British Bangladesh
Traditional Dr. Association

Dr.Ahmed Hossain
MA, D.Hom (England)
Chairman
British Bangladesh
Traditional Dr. Association

271a Whitechapel Road
(2nd Floor, Room G)
London E1 1BY

Tel : 020 3372 5424
Mob : 0772 370 6996
Email: homoeoherbal@yahoo.co.uk

www.homoeoherbal.co.uk

খোলা ঃ সোমবার থেকে শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত

E Money London Ltd
You are in safe hands

1. আমরা অত্যন্ত সততা, বিশ্বস্থতা এবং অভিজ্ঞতার সহিত আপনার কষ্টার্জিত অর্থ বাংলাদেশে পাঠিয়ে থাকি।
2. Pin নাম্বার এর মাধ্যমে Next Day এবং ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে মাত্র ২/৩ দিনের মধ্যে আপনার আত্মীয়-স্বজনকে টাকা পাঠানোর ব্যবস্থা করে থাকি। (Exceptional 24 hours)
3. সরাসরি এবং ফোন কলের মাধ্যমে আপনি টাকা পাঠাতে পারেন।
4. Pin নাম্বার ও Bank Transfer এর জন্য একই রেইট।
5. রয়েছে সর্বোচ্চ রেইট ও সর্বনিম্ন কমিশন চার্জের নিশ্চয়তা।
6. Pin সার্ভিসে আমাদের সাথে রয়েছে আল-আরাফা ইসলামী ব্যাংক, ইসলামী ব্যাংক, উত্তরা ব্যাংক এবং জনতা ব্যাংক লিমিটেড।
7. আমরা হজ্ব ও ওমরাহ এর ব্যবস্থা করে থাকি।

Please call us when you want to send money
245 Bethnal Green Road, London E2 6AB
020 3730 0211
07546 610 550 / 07950 857 835 / 07548 200 072